

ভক্ত করিছে প্রভুর চরণে জীবনসমর্পণ—  
 ওরে দীন, তুই জোড়কর করি কর্ তাহা দরশন ॥  
 মিলনের ধারা পড়িতেছে ঝরি, বহিয়া যেতেছে অমৃতলহরী,  
 ভূতলে মাথাটি রাখিয়া লহো রে শুভাশিস্-বরিষন ॥  
 ওই-যে আলোক পড়েছে তাঁহার উদার ললাটদেশে,  
 সেথা হতে তারি একটি রশ্মি পড়ুক মাথায় এসে।  
 চারি দিকে তাঁর শান্তিসাগর স্থির হয়ে আছে ভরি চরাচর—  
 ক্ষণকাল-তরে দাঁড়াও রে তীরে, শান্ত করো রে মন ॥

---

Parjaay: Puja

Visit [www.geetabitan.com](http://www.geetabitan.com) for notation and other detail